

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০১৭. ২০১৫-৪০৬০

তারিখ: ২৭-১১-২০১৬খ্রিঃ।


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৪৪০/২০১৫ মামলার দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০১৭. ২০১৫-৪০০, তারিখ: ০৫-০৩-২০১৬খ্রিঃ।  
(২) ডেপুটি এটর্নী জেনারেল জনাব আমাতুল করিমের গত ১০-১১-২০১৫খ্রিঃ তারিখের পত্র;

চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন ভূগর্ভস্থ পানির বানিজ্যিক ব্যবহার বন্ধ করা, শিল্প কারখানার দূষিত বর্জ্য থেকে কৃষি জমি ও খালের পানি দূষণ বন্ধ করা এবং এলাকার পরিবেশ বিপর্যয় থেকে রক্ষা করার জন্য বেলা'র প্রধান নির্বাহী কর্মকর্তা এডভোকেট রিজওয়ানা হাসান বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৪০/২০১৪নং রীট পিটিশন দায়ের করেন। সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহনকরতঃ দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। চাহিত জবাব অদ্যাবধি প্রেরণ করা হয়নি। উক্ত মামলার দফাওয়ারী জবাব, ওকালতনামা ও অথরাইজেশন লেটার প্রেরণের জন্য বিজ্ঞ এটর্নী জেনারেল মহোদয়ের কার্যালয় থেকে ডেপুটি এটর্নী জেনারেল জনাব আমাতুল করিম অনুরোধ জানিয়েছেন। উল্লেখ্য, উক্ত মামলায় এ বিভাগের সচিব মহোদয়কে ৭নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট অতি জরুরি ভিত্তিতে জনাব আমাতুল করিম, ডেপুটি এটর্নী জেনারেল (মোবাইল নং-০১৭১৮-৯০৭৭২৯) বরাবরে প্রেরণপূর্বক জবাবের একসেট এ বিভাগে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, সরকার পক্ষে যথাসময়ে জবাব প্রেরণ করা না হলে বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তর সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৩। বিষয়টি অতিব জরুরি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
৯৫৪০৯৯৫  
Email: [ishanaliraja@gmail.com](mailto:ishanaliraja@gmail.com)

জেলা প্রশাসক  
চট্টগ্রাম।

অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। জনাব আমাতুল করিম, ডেপুটি এটর্নী জেনারেল, বিজ্ঞ এটর্নী জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা;  
০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);  
০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।